2024 NYC স্কুল সংক্রান্ত জরিপ

প্রিয় পরিবারবর্গ,

আমরা আপনাদের মতামত জানতে চাই!

প্রতি বছর, পরিবার, শিক্ষক, এবং 6-12 গ্রেডের সকল শিক্ষার্থীরা তাদের স্কুল সম্পর্কে মতামত দেয়ার জন্য NYC স্কুল সংক্রান্ত জরিপটি পূরণ করে। NYC স্কুল সংক্রান্ত জরিপ হলো দেশের সবচেয়ে বড় শিক্ষা বিষয়ক জরিপ। জরিপের মতামত আপনার সন্তানের শিক্ষার পরিবেশ উন্নত করায় সহায়তা করতে পারে। আপনি এ বছরের জরিপটি **12 ফেব্রুয়ারি - 5 এপ্রিলের** মধ্যে পূরণ করতে পারেন।

আপনার মতামত কীভাবে আমাদের স্কুলকে সাহায্য করে?
আমাদের স্কুল কোন ক্ষেত্রে ভালো করছে এবং কোথায় আমরা উন্নতি করতে পারি বলে মনে করেন, আপনার মতামত আমাদের তা বুঝতে সাহায্য করে। জরিপের ফলাফল, স্কুলের লক্ষ্য ও উদ্দেশ্য আমরা কত ভালোভাবে অর্জন করছি সে ব্যাপারে আমাদের প্রতিফলন করতে সহায়তা করে। প্রতি বছর আপনাকে ও আপনার সন্তানকে কীভাবে আরও ভালোভাবে সেবা দেয়া যায় সেই সিদ্ধান্ত গ্রহণে আমরা এই তথ্য ব্যবহার করি।

আপনার মতামত কোথায় যায় দেখতে চান? আপনি গত বছরের জরিপের ফলাফলগুলো স্কুল কোয়ালিটি স্ন্যাপশট এবং অনলাইনে স্কুল কোয়ালিটি গাইড -এ দেখতে পারেন।

আমি কীভাবে আমার মনোভাব জানাতে পারি?
আপনি একটি খামে আপনার NYC স্কুল জরিপটি পাবেন। জরিপের উপরে দেয়া নিয়মাবলী ব্যবহার করে জরিপটি পূরণ করুন। পূরণকৃত জরিপটি আপনার জরিপ সংক্রান্ত কাগজপত্রের সাথে দেয়া আগাম পরিশোধিত খাম (প্রিপেইড এনভেলপ) ব্যবহার করে ফেরত দিন। আপনি এই ঠিকানায় ডাকযোগে পাঠাতে পারেন:

Survey Processing Center
PO Box 680490
Charlotte NC 28216-9935

এছাড়াও আপনি অনলাইনে NYCSchoolSurvey.org -এ জরিপটি পূরণ করতে পারেন। লগইন করতে শিক্ষার্থীর আইডেন্টিফিকেশন (OSIS) নম্বরের শুরুতে একটি ছোট অক্ষরের "f" ব্যবহার করুন, যা আপনার শিক্ষার্থীর রিপোর্ট কার্ড, স্টুডেন্ট ID কার্ড, অথবা NYCSA অ্যাকাউন্টে পাওয়া যাবে। এছাড়াও পরিবারেরা তাদের NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA) -এ লগইন করেও এই জরিপটি সম্পন্ন করতে পারেন।

NYC স্কুলের পরিবেশ সংক্রান্ত জরিপ পূরণ ও মেইল করার শেষ তারিখ শুক্রবার, 5 এপ্রিল, 2024।

আপনার মতামত জানাবার জন্য ধন্যবাদ!

আন্তরিকভাবে,